



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



মুজিব বর্ষের অঙ্গীকার  
নদী রাখবো পরিষ্কার।

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭(অংশ-১)/৪৮৪

তারিখ : ২২/০২/২০২৪খ্রিঃ।

**সংশোধিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২৪**


বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত নৌ-প্রকৌশলী, যান্ত্রিক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (জাহাজ) এর ০৯ টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ পুনঃ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১।	নৌ-প্রকৌশলী, যান্ত্রিক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (জাহাজ)	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২৭ হতে ৪০ বৎসর	০৯ টি	সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৮ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা, যন্ত্র প্রকৌশলে ডিগ্রী অথবা সমমানের ডিগ্রী। অথবা যান্ত্রিক/নৌ-প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ডিপ্লোমাসহ সহকারী প্রকৌশলী পদে চাকুরীকাল ৮ বৎসর হতে হবে। অথবা বাংলাদেশ নৌ-বাহিনীর সংশ্লিষ্ট শাখার সাব-লেফটেন্যান্ট।

**আবেদনের শর্তাবলী/নিয়মাবলী :**

- ০১। (ক) ০১/০৩/২০২৪ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে। ০১/০৩/২০২৪ তারিখে প্রার্থীদের বয়স ন্যূনতম ২৭ বছর পূর্ণ হতে হবে ;
- (খ) আগ্রহী প্রার্থীদেরকে ০১/০৩/২০২৪ হতে ২১/০৩/২০২৪ তারিখ পর্যন্ত শুধুমাত্র [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে;
- (গ) আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ বর্ণিত পদের জন্য ৬৩৯/- টাকা হারে (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে;
- (ঘ) আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে;
- (ঙ) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে;
- (চ) চাকুরীরত প্রার্থীগণকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;
- (ছ) গত ১০/১১/২০২২ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-১১/২০২২ এর নৌ-প্রকৌশলী, যান্ত্রিক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (জাহাজ) পদে আবেদনকৃত প্রার্থীদের মধ্যে বাছাই কমিটি কর্তৃক সঠিক বিবেচিত ও কর্তৃপক্ষের ওয়েব-সাইটে প্রকাশিত ৮৩ জন প্রার্থীর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
- (জ) বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য (শুধুমাত্র বিআইডব্লিউটিএ'তে কর্মরতদের জন্য প্রয়োজ্য);
- (ঝ) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে;
- (ঞ) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

- (ট) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ০২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ০৩। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২১/১১/২০২০  
(এস এম শাহেদ রেজা)  
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ, ঢাকা।